The Business Standard

21 SEP 2025

# RMG exports from Saidpur drop 50%




TRADE - BANGLADESH

**KHORSHED ALAM**

Saidpur, the commercial hub of Nilphamari district, is reeling after exports of ready-made garments, mainly made from jhut (scrap fabric), faced a sudden and severe setback.

Exports dropped by about 50% following India's ban on imports of seven categories of goods, including garments, through land ports, creating a major crisis for the local economy and employment, according to the Exportable Small Garments Owners Association (ESGOA) in Saidpur.

Local traders report that exporting by sea has become highly challenging, with transport costs tripling and shipments taking 20 to 25 days.

Leaders of the ESGOA urged high-level intervention from both governments to avert a deepening economic and employment crisis.

### Crisis for the age-old industry

The jhut garment industry in Saidpur, which began during the Pakistan era, is facing an unprecedented slowdown. Local entrepreneurs source jhut fabric from factories in Dhaka and Chattogram, keeping production running year-round, according to industry insiders.

Nearly every household in the upazila has turned into a small garment workshop, producing trousers, shorts, jackets, jeans, and t-shirts with 2 to 45 machines. The industry sustains at least 500 families, supplying both domestic and international markets. India, Nepal, and Bhutan have traditionally been key export destinations.

However, following the Indian government's recent import restrictions through land ports, production has almost come to a standstill, threatening the livelihoods of hundreds of families.

### Export route shut, costs triple

India's Ministry of Commerce on 17 May, issued an order stating that garments and processed foods can

The Daily Star

21 SEP 2025

# Enhance light engineering capacity to diversify exports: experts

**LIGHT ENGINEERING SECTOR AT A GLANCE**

- **$12.56**b export potential by 2030
- **80,000** light engineering units in Bangladesh
- **$8**b estimated size of domestic market
- **28%** annual growth rate of the sector
- **$300-800**m current annual export earnings (last eight years)
- **10** lakh workers engaged in the sector









**GROWTH DRIVERS**

- Low-cost labour
- Technology adoption
- Infrastructure development
- Increasing access to int'l markets

**CHALLENGES**

- Skills gap
- Technology lag
- Training mismatch
- Need for R&D facilities
- Weak standards and certification

**Key point**

In FY24, Bangladesh exported $487m from light engineering sector

STAR BUSINESS REPORT

Bangladesh needs to strengthen local capacity, enhance value addition, and develop backward linkages in agricultural machinery, automobiles, and light engineering to ensure sustainable growth and diversify its export base, according to

engineering units, with a domestic market valued at around $8 billion and an annual growth rate of nearly 28 percent, said Reaz.

The annual export earnings have hovered between $300 and $800 million in the last eight years. However, Bangladesh exported $487 million worth of goods from the light engineering

creating employment," he said.

"Agro-mechanisation is strengthening national food security, while the automobile industry is modernising transportation and energising the economy," he added.

The government has already taken effective measures to support these sectors

economic ambitions; the future lies in manufacturing, particularly in light engineering," he added, stressing the need for strong policy support and government incentives.

He also underscored the importance of industry-academia collaboration in the era of artificial intelligence and



**GROWTH DRIVERS**

- Low-cost labour
- Technology adoption
- Infrastructure development
- Increasing access to int'l markets

**CHALLENGES**

- Skills gap
- Technology lag
- Training mismatch
- Need for R&D facilities
- Weak standards and certification

**Key point**

In FY24, Bangladesh exported $487m from light engineering sector

STAR BUSINESS REPORT

Bangladesh needs to strengthen local capacity, enhance value addition, and develop backward linkages in agricultural machinery, automobiles, and light engineering to ensure sustainable growth and diversify its export base, according to experts and industry leaders.

They also urged facilitating more local and foreign investments, citing that appropriate policy support was essential for reducing reliance on imports.

"Although Bangladesh has immense potential in the light engineering, agro-machinery, and automobile sectors, its trade basket remains heavily concentrated on readymade garments (RMG)," said M Masrur Reaz, chairman of the Policy Exchange of Bangladesh.

Reaz made his remarks at the inaugural ceremony of the "Road to Made in Bangladesh and Agro Machinery Fair 2025" in the capital's Tejgaon.

The Bangladesh Chamber of Industries (BCI), with support from the Bangladesh Automobiles Assemblers and Manufacturers Association and the Agricultural Machinery Manufacturers Association Bangladesh, organised the two-day fair at the BCI office.

Bangladesh's light engineering sector has the potential to generate $12.56 billion in export earnings by 2030, according to the Policy Exchange of Bangladesh.

The country is home to about 80,000 micro, small, and medium light engineering units, with a domestic market valued at around $8 billion and an annual growth rate of nearly 28 percent, said Reaz.

The annual export earnings have hovered between $300 and $800 million in the last eight years. However, Bangladesh exported $487 million worth of goods from the light engineering sector in FY24, he said in a presentation.

There are some growth drivers for light engineering in Bangladesh, including low-cost labour and adoption of technology. Around 10 lakh low-cost labourers are involved, and high domestic and external demand will work as a growth driver, he said.

Reaz said local manufacturers currently meet only 20 percent of the demand for agricultural machinery in the country, with the rest being imported.

He warned that the agricultural workforce, once the largest, fell behind the service sector in 2020, posing risks to food security.

Post-harvest losses account for 40 percent to 45 percent of crops due to poor handling and storage, he noted, adding that agricultural machinery can improve efficiency by reducing seed, fertiliser, and water use.

Speaking as the chief guest, Industries Adviser Adilur Rahman Khan said the national industrial policy has prioritised three sectors—automobiles, agricultural machinery, and light engineering.

"These sectors are playing a very important role in developing productive industries, diversifying exports, and creating employment," he said.

"Agro-mechanisation is strengthening national food security, while the automobile industry is modernising transportation and energising the economy," he added.

The government has already taken effective measures to support these sectors through policy incentives, tax benefits, and infrastructure development, he added.

**Bangladesh's light engineering sector has the potential to generate $12.56 billion in export earnings by 2030, according to the Policy Exchange of Bangladesh**

BCI President Anwar-Ul Alam Chowdhury (Parvez) said Bangladesh must tap into the large automobile market and diversify exports beyond readymade garments ahead of the nation's least developed country (LDC) status graduation.

He noted that the economy relies heavily on remittances, RMG, and agriculture, where growth is limited, and for which it was crucial to build up alternative sectors.

"Although money laundering has been curbed to some extent, private sector growth remains sluggish while unemployment is rising rapidly," he observed.

"RMG alone cannot sustain our economic ambitions; the future lies in manufacturing, particularly in light engineering," he added, stressing the need for strong policy support and government incentives.

He also underscored the importance of industry-academia collaboration in the era of artificial intelligence and automation and called for expanding capacity in automobile and agricultural machinery production to ensure economic sustainability.

Hafizur Rahman Khan, president of the Bangladesh Automobiles Assemblers and Manufacturers Association, emphasised the need to identify sectoral challenges and address them through business-to-business meetings.

M Abu Eusuf, executive director of the Research and Policy Integration for Development, said Bangladesh lagged behind in export and economic diversification, even though RMG was thriving due to strong compliance.

He added that developing backward linkages could cut import dependency. He emphasised the need for foreign direct investment, policy support, and better ease of doing business to leverage the domestic market.

Alimul Ahsan Chowdhury, president of the Association of Agricultural Machinery Manufacturers, said food security was dependent on agricultural machinery. He called for easier access to the Bangladesh Bank's small and medium enterprise refinancing scheme.

The Daily Star
21 SEP 2025

# Tariff hurdles stall Bangladesh's export growth in Malaysia

JAGARAN CHAKMA,
*from Kuala Lumpur*

Despite strong diplomatic and economic ties, Bangladeshi exporters continue to face steep tariff and non-tariff barriers in the Malaysian market, constraining trade growth and widening the bilateral imbalance.

While regional competitors such as India and Pakistan enjoy duty-free or reduced-tariff access under bilateral agreements, Bangladeshi products are subject to import duties of up to 30 percent.

Government officials and industry insiders say this puts key sectors, including processed food, agro-processing, and consumer goods, at a distinct disadvantage, where price competitiveness is crucial.

For instance, Bangladeshi plastic and electronics goods face up to a 30 percent tariff, juice and confectionery items face up to 20 percent, and biscuits 8 percent.

"There's enormous potential, but without tariff relief and streamlined regulations, it's difficult for Bangladesh to compete," said Mosammat Shanara Monica, deputy high commissioner of Bangladesh in Malaysia. "To boost competitiveness in Malaysia, we must prioritise export diversification and product standardisation."




Speaking to The Daily Star in Kuala Lumpur, Monica, along with Export Promotion Bureau (EPB) Director General Baby Rani Karmakar and top business executives, stressed the urgency of addressing barriers to unlock Bangladesh's export prospects in Malaysia.

EPB data show that the trade deficit between the countries stands at over $2 billion, in favour of Malaysia. While Bangladesh exports only $200-250 million, it imports over $2.5 billion from the Southeast Asian country.

Bangladesh's exports largely consist of readymade garments, knitwear, and a few basic food items. In contrast, Malaysia exports a diverse mix of electronics, consumer goods, fertilisers, and machinery to Bangladesh.

Ahsan Khan Chowdhury, chairman and CEO of Pran-RFL Group, one of the major Bangladeshi conglomerates with a growing influence in Malaysia, believes that with the right policies, Bangladesh could emerge as a formidable exporter in Southeast Asia.

"Malaysia and other Asean countries represent hundreds of millions of consumers with rising incomes, food safety demands, and halal dietary preferences," said Chowdhury.

"Tariff barriers, regulatory red tape, and poor logistics remain major bottlenecks," he said, adding that Bangladesh needs FTAs and better infrastructure to be more competitive. "Without zero-duty access and efficient port handling, exporters like us can't compete on fair terms."

Mahbub Alam Shah, director of the Bangladesh-Malaysia Chamber of Commerce and Industry, also pointed to the same issues.

He said many Bangladeshi companies are eager to enter the Malaysian market, but are being outcompeted by Indian and Pakistani exporters who enjoy preferential tariff arrangements. "High tariffs are the biggest obstacle."

Salim Bhuiyan, managing director of Pinnacle Foods, which imports agricultural and frozen goods from Bangladesh, noted that except for spices, most items face duties of up to 30 percent, making it hard to compete with local and regional players.

"We are surviving only due to our strategic supply chain management," he added.

The latest Malaysia International Halal Showcase (MIHAS), the world's largest fair for halal foods, which concluded yesterday, shows the potential of Bangladeshi goods in the Malaysian market.

Touhiduzzaman, deputy general manager (public relations) of Pran-RFL Group, confirmed that during this MIHAS, the company secured export orders worth $1.5 million, up from over $1 million in the previous edition.

Mohammad Haseb, assistant general manager at Nourish, which also partook in the fair, said several Malaysian buyers expressed interest in their products.

Resolving the tariff and non-tariff barriers is expected to boost demand and help Bangladeshi companies expand their business there.

বণিক বার্তা
21 SEP 2025

# মালয়েশিয়ার সঙ্গে বাণিজ্য চুক্তি না থাকায় প্রতিযোগিতায় পিছিয়ে বাংলাদেশী পণ্য

মাহফুজ রাহমান ■ মালয়েশিয়া থেকে



মালয়েশিয়ার একটি সুপারশপে বাংলাদেশী পণ্য

ছবি : নিজস্ব আলোকচিত্রী

মালয়েশিয়ার খাদ্যপণ্যের বাজার প্রায় ৬২ বিলিয়ন ডলারের, যা প্রতি বছর ৬ শতাংশেরও বেশি হারে বাড়ছে। এর মধ্যে হালাল খাদ্যপণ্যের বাজারের আকার ৫০ বিলিয়ন ডলারেরও বেশি। চাহিদা পূরণে দেশটি ভারত, চীন, ইন্দোনেশিয়া ও থাইল্যান্ড থেকে ২০ বিলিয়ন ডলারের পণ্য আমদানি করে। স্থানীয়রা ছাড়াও দেশটিতে বসবাসরত ভারতীয়, চীনা ও নেপালি জনগোষ্ঠীর খাদ্যাভ্যাসও বাংলাদেশের সঙ্গে অনেকটা মিলে যায়। এ কারণে এখানে নুডলস, স্ন্যাকস, বিস্কুট, ফ্রোজেন খাবার, মশলা, বেভারেজসহ বিভিন্ন ধরনের খাদ্যপণ্যের বিপুল চাহিদা রয়েছে। ফলে বাংলাদেশী পণ্যের জন্য মালয়েশিয়া হতে পারে এক সম্ভাবনাময় বাজার। কিন্তু দেশটির সঙ্গে বাণিজ্য চুক্তি না থাকার কারণে উচ্চ শুল্ক বাধায় প্রতিযোগিতায় পিছিয়ে রয়েছে বাংলাদেশ।

রফনাতিকারক ও ব্যবসায়ীরা বলছেন, বর্তমানে বাংলাদেশী প্রতিষ্ঠানগুলোকে মালয়েশিয়ায় পণ্য রফতানির ক্ষেত্রে ২০-৩০ শতাংশ পর্যন্ত শুল্ক দিতে হয়। অন্যদিকে দেশটির সঙ্গে বাণিজ্য চুক্তি থাকায় ভারত ও পাকিস্তান স্বল্প শুল্ক ও কিছু ক্ষেত্রে বিনা শুল্কে পণ্য পাঠাতে পারছে। ফলে বাংলাদেশী রফতানিকারকরা প্রতিযোগিতার দৌড়ে পিছিয়ে পড়ছেন।

বর্তমানে বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে দ্বিপক্ষীয় বাণিজ্যের পরিমাণ ২৮০ কোটি ডলার। এর মধ্যে বাংলাদেশ থেকে রফতানি হয় মাত্র আড়াই থেকে ৩ কোটি ডলারের পণ্য, যার বেশির ভাগই পোশাক ও কিছু মৌলিক খাদ্যপণ্য। অথচ শুধু হালাল খাদ্য খাতে কয়েক বিলিয়ন ডলারের পণ্য রফতানি করা সম্ভব বলে মনে করেন সংশ্লিষ্টরা। এক্ষেত্রে মালয়েশিয়ার সঙ্গে ফ্রি ট্রেড এগ্রিমেন্ট (এফটিএ) কিংবা কম্প্রিহেনসিভ ইকোনমিক পার্টনারশিপ এগ্রিমেন্ট (সিইপিএ) করতে পারলে দেশটিতে বাংলাদেশী খাদ্যপণ্য রফতানি বহু গুণ বাড়বে।

বাংলাদেশ-মালয়েশিয়া চেম্বার অব কমার্সের পরিচালক মাহবুব আলম শাহ বণিক বার্তাকে বলেন, 'ভারত ও পাকিস্তানের সঙ্গে মালয়েশিয়ার দীর্ঘদিনের বাণিজ্য চুক্তি রয়েছে। ফলে তারা স্বল্প বা শূন্য শুল্ক সুবিধা নিয়ে সহজেই নিজেদের বাজার সম্প্রসারণ করছে। অন্যদিকে বাংলাদেশী উদ্যোক্তাদের একই ধরনের পণ্য রফতানি করতে ২০-৩০ শতাংশ পর্যন্ত শুল্ক দিতে হয়। ফলে প্রতিযোগিতায় টিকে থাকা কঠিন হয়ে পড়ে।'

বাংলাদেশ থেকে প্রাণ গ্রুপ, স্কয়ার, আকিজ গ্রুপ, ওয়ালটন, মুন্নু সিরামিকসহ বেশ কয়েকটি প্রতিষ্ঠান মালয়েশিয়ায় বিভিন্ন পণ্য রফতানি করে থাকে। প্রাণ ২০২৪-২৫ অর্থবছরে দেশটিতে প্রায় ৩০ মিলিয়ন ডলারের খাদ্যপণ্য রফতানি করছে। এর মধ্যে রয়েছে মশলা, নুডলস, জুস, বিস্কুট, কুকিজ, ড্রিংকসসহ বিভিন্ন পণ্য। বর্তমানে দেশটিতে প্রাণ ব্র্যান্ডের প্রায় ৮৫০টি পণ্য বাজারজাত হচ্ছে। এসব পণ্যের বিপণনে স্থানীয় প্রতিষ্ঠান পিনাকল ফুডসের মাধ্যমে কাজ করছে প্রাণ গ্রুপ।

এ বিষয়ে প্রাণ-আরএফএল গ্রুপের চেয়ারম্যান আহসান খান চৌধুরী বণিক বার্তাকে বলেন, 'মালয়েশিয়ায় বাংলাদেশ থেকে পণ্য রফতানির অপার সম্ভাবনা রয়েছে। এরই মধ্যে বাংলাদেশী খাদ্যপণ্যের বাজার বৃদ্ধি পেয়েছে। যদি প্রাণের কথাই বলি, আমাদের পণ্য শুধু কুয়ালালামপুর বা বড় শহরেই নয়, গ্রামীণ ও প্রত্যন্ত এলাকায়ও পৌঁছে গেছে। সুপারশপ, স্থানীয় মুদি দোকান কিংবা হাটবাজার—সবখানেই এখন প্রাণের নুডলস, বিস্কুট, জুস, ড্রিংকস, স্ন্যাকস পাওয়া যায়। কিন্তু শুল্ক কাঠামোর কারণে প্রতিযোগিতায় অন্যান্য দেশ থেকে পিছিয়ে থাকতে হয়। যদি বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে এফটিএ বা সিইপিএ স্বাক্ষর হয়, তাহলে শুধু প্রাণের রফতানি কমপক্ষে পাঁচ গুণ বৃদ্ধি পাবে।' একই সঙ্গে অন্য কোম্পানিগুলোর জন্যও সম্ভাবনার দুয়ার খুলে যাবে বলেও মনে করেন তিনি।

বর্তমানে মালয়েশিয়ার সঙ্গে ভারত, পাকিস্তানসহ প্রায় ১৪টি দেশের মুক্তবাণিজ্য চুক্তি (এফটিএ) রয়েছে। গত এক দশকে বিভিন্ন সময় বাংলাদেশের পক্ষ থেকে দেশটির সঙ্গে এফটিএ স্বাক্ষরের উদ্যোগ নেয়া হলেও তা আলোর মুখ দেখেনি। তবে বর্তমান অন্তর্বর্তী সরকারের প্রধান ড. মুহাম্মদ ইউনূস গত আগস্টে মালয়েশিয়া সফর করেন। এরপর থেকেই দুই দেশের মধ্যে এফটিএ নিয়ে পুনরায় আলোচনা শুরু হয়েছে।

মালয়েশিয়ার বাংলাদেশ দূতাবাসের কর্মকর্তারা জানান, সম্প্রতি এফটিএ নিয়ে দরকষাকষির জন্য একটি টার্মস অব রেফারেন্সের খসড়া তৈরি করা হয়েছে। এটি অনুমোদন হলে উভয়পক্ষ আনুষ্ঠানিকভাবে আলোচনায় বসবে।

মালয়েশিয়ার বাজারে বাংলাদেশী পণ্যের ব্যাপক সম্ভাবনা রয়েছে জানিয়ে দেশটিতে নিযুক্ত বাংলাদেশের ভারপ্রাপ্ত হাইকমিশনার শাহানারা মনিকা বণিক বার্তাকে বলেন, 'শুল্ক ও বিধি-নিষেধের সহজীকরণ ব্যতীত এখানে টিকে থাকা কঠিন। প্রতিযোগী দেশগুলোর সঙ্গে পাল্লা দিয়ে রফতানি বাড়াতে হলে এফটিএর বিকল্প নেই। এ নিয়ে আপাতত আলোচনার পূর্বপ্রস্তুতি চলছে, শিগগিরই আনুষ্ঠানিক আলোচনা শুরু হবে।' তবে পণ্যের পাশাপাশি সেবা খাতের মাধ্যমেও বাণিজ্য ঘাটতি পূরণের সুযোগ রয়েছে বলে জানান তিনি।

তথ্য কেন্দ্র ★ রপ্তানি উন্নয়ন ★ ঢাকা

বণিক বার্তা

2 1 SEP 2025

# রফতানি কোটা পূরণে ব্যর্থ হচ্ছে ভারতীয় চিনি মিল



বণিক বার্তা ডেস্ক

ব্রাজিল থেকে সম্প্রতি চিনি সরবরাহ বেড়েছে। এতে বিশ্ববাজারে পণ্যটির দরপতন হয়েছে। ফলে প্রতিযোগিতায় পিছিয়ে পড়েছে ভারতীয় সরবরাহ। চলতি মৌসুমে দেশটি থেকে চিনি রফতানি আট লাখ টনের নিচে নেমে আসবে বলে ধারণা করা হচ্ছে। সংশ্লিষ্টরা আশঙ্কা করছেন, সরকার নির্ধারিত ১০ লাখ টনের কোটা পূরণে ব্যর্থ হবে মিলগুলো। দেশটির সরকারি কর্মকর্তা ও খাত সংশ্লিষ্টদের বরাত দিয়ে বার্তা সংস্থা রয়টার্স এ তথ্য জানিয়েছে।

চলতি মৌসুমে উদ্বৃত্ত মজুদ কমাতে ও অভ্যন্তরীণ দামের স্থিতি বজায় রাখতে ভারত সরকার জানুয়ারিতে ১০ লাখ টন চিনি রফতানির অনুমোদন দেয়। তবে মৌসুমের শুরুতে কিছু চুক্তি হলেও পরবর্তী সময়ে রফতানির গতি মন্থর হয়। ব্রাজিলের সরবরাহ বৃদ্ধির পাশাপাশি বিশ্ববাজারে ফিউচার মার্কেটে চিনির দাম চার বছরের সর্বনিম্নে নেমে আসায় এ পরিস্থিতি তৈরি হয়েছে বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

ভারতের সরকারি হিসাব অনুযায়ী, মিলগুলো এখন পর্যন্ত প্রায় সাড়ে সাত লাখ টনের চুক্তি করেছে। যার মধ্যে ৭ লাখ ২০ হাজার টন চিনি এরই মধ্যে রফতানি হয়েছে। দেশটির কর্মকর্তারা জানিয়েছেন, এ মাসে আরো ২৫ হাজার টনের বেশি চিনি রফতানি চুক্তি হওয়ার সম্ভাবনা নেই। ফলে ২০২৪-২৫ মৌসুমে মোট রফতানি দাঁড়াবে আনুমানিক ৭ লাখ ৭৫ হাজার টনে।

তাদের মতে, সাম্প্রতিক কয়েক সপ্তাহে খুব অল্পকিছু চুক্তি হয়েছে। রফতানি কমে যাওয়ায় মিলগুলো ভারত সরকারের কাছে বাকি প্রায় দুই লাখ টন নতুন মৌসুমে রফতানির অনুমতি চাইতে পারে।

সাধারণত এশিয়ায় পরিবহন ব্যয় কম হওয়ায় ভারতীয় চিনি ব্রাজিলের তুলনায় প্রতিযোগিতামূলক থাকে। তবে সম্প্রতি ব্রাজিল টনপ্রতি ২৫ ডলারের বেশি কম দামে চিনি রফতানি করছে। একই সঙ্গে ভারতের অভ্যন্তরীণ বাজারে দামের উর্ধ্বগতির কারণে মিলগুলো আন্তর্জাতিক বাজারের বদলে দেশের বাজারে চিনি বিক্রি করছে বেশি।

ভারত মূলত আফগানিস্তান, বাংলাদেশ, ইন্দোনেশিয়া, শ্রীলংকা ও সংযুক্ত আরব আমিরাতসহ বিভিন্ন দেশে চিনি রফতানি করে। ২০১৮-১৯ থেকে ২০২২-২৩ মৌসুম পর্যন্ত গড়ে ৬৮ লাখ টন রফতানি করে দেশটি বিশ্বে দ্বিতীয় বৃহত্তম চিনি রফতানিকারক হিসেবে অবস্থান ধরে রেখেছিল।

ভারতের সরকারি হিসাব অনুযায়ী, নতুন মৌসুমে (১ অক্টোবর থেকে শুরু) বর্ষার ভালো বৃষ্টির কারণে ভারতের চিনি উৎপাদন বাড়বে বলে ধারণা করা হচ্ছে। এতে দেশটি থেকে সামনের দিনগুলোয় রফতানি আরো বাড়তে পারে।

সমকাল

21 SEP 2025

# ১২০০ কোটি ডলারের হালকা প্রকৌশল যন্ত্রপাতি রপ্তানি সম্ভব

## রাজধানীতে এগ্রো মেশিনারি ফেয়ার

### এই মেলা দেশি-বিদেশি বিনিয়োগকারীর আস্থা বাড়াবে : শিল্প উপদেষ্টা

■ সমকাল প্রতিবেদক

আগামী পাঁচ থেকে সাত বছরে এক হাজার ২০০ কোটি ডলারের হালকা প্রকৌশল যন্ত্রপাতি রপ্তানির সম্ভাবনা আছে বলে জানিয়েছেন পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশের চেয়ারম্যান এম মাসরুর রিয়াজ। গতকাল শনিবার রাজধানীর তেজগাঁও শিল্প এলাকায় এডিসন প্রাইম ভবনে 'রোড টু মেড ইন বাংলাদেশ অ্যান্ড এগ্রো মেশিনারি ফেয়ার'-এর উদ্বোধন অনুষ্ঠানে মূল প্রবন্ধে তিনি এ কথা জানান।

একই অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিল্প উপদেষ্টা আদিলুর রহমান বলেন, জাতীয় শিল্পনীতিতে অটোমোবাইলস, কৃষি যন্ত্রাংশ ও হালকা প্রকৌশল– এই তিনটি খাতকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। এই খাতগুলো উৎপাদনশীল শিল্পের বিকাশ, রপ্তানির বহুমুখীকরণ ও কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। তিনি বলেন, কৃষি ও অটোমোবাইলস খাত নিয়ে এ ধরনের মেলার মাধ্যমে দেশি-বিদেশি বিনিয়োগকারীদের আস্থা বাড়বে। পাশাপাশি এই খাতে নতুন ব্যবসায়িক সম্ভাবনা তৈরি হবে।

দুই দিনব্যাপী এই মেলায় অটোমোবাইলস, কৃষি যন্ত্রপাতিসহ হালকা প্রকৌশল খাতের ২৬টি স্টল আছে। পাশাপাশি শিল্পসহায়ক প্রতিষ্ঠানের স্টল আছে আরও ১২টি। বাংলাদেশ অটোমোবাইলস অ্যাসেম্বলার্স অ্যান্ড ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন ও এগ্রিকালচার মেশিনারি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন বাংলাদেশের সহযোগিতায় এই প্রদর্শনীর আয়োজন করছে বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই)। আজ রোববার মেলা শেষ হবে।

এম মাশরুর রিয়াজ বলেন, যান্ত্রিকীকরণ বৃদ্ধির সঙ্গে সঙ্গে কৃষিযন্ত্র আমদানি, খুচরা যন্ত্রাংশ, রক্ষণাবেক্ষণসহ পূর্ণাঙ্গ সরবরাহ ব্যবস্থার চাহিদা তৈরি হবে। বর্তমানে দেশের কৃষিযন্ত্রের মাত্র ২০ শতাংশ স্থানীয়ভাবে তৈরি হয়, বাকি ৮০ শতাংশ আমদানিনির্ভর। সঠিক নীতি, অর্থায়ন, দক্ষ জনবল ও প্রযুক্তি ব্যবহারের সুযোগ তৈরি করা গেলে এই ২০ শতাংশ অচিরেই ৪০ থেকে ৬০ শতাংশে উন্নীত করা সম্ভব।

তিনি বলেন, বাংলাদেশে প্রায় ৮০ হাজার মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি লাইট ইঞ্জিনিয়ারিং ইউনিট আছে। স্থানীয় বাজারের আকার ৮০০ কোটি ডলার এবং খাতটির বার্ষিক প্রবৃদ্ধি প্রায় ২৮ শতাংশ। বর্তমানে এ খাতে প্রায় ৭০ থেকে ৮০ কোটি ডলারের রপ্তানি হয়। আগামী পাঁচ থেকে সাত বছরের মধ্যে তা এক হাজার ২০০ কোটি ডলারে উন্নীত করার সম্ভাবনা রয়েছে।

উদ্বোধন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন বিসিআই সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী। তিনি বলেন, বিশ্বে এগ্রিকালচার মেশিনারি খাতের বাজার এক লাখ ৯৭ হাজার কোটি ডলারের। স্থানীয় বাজারেই হালকা প্রকৌশলের সম্ভাবনা প্রায় এক হাজার ২০০ কোটি ডলারের। এর অর্ধেকও কাজে লাগানো যাচ্ছে না।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প মন্ত্রণালয়ের সচিব মো. ওবায়দুর রহমান, র‍্যাপিডের নির্বাহী পরিচালক এম আবু ইউসুফ, এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার হোসেন চৌধুরী প্রমুখ।

সমকাল

21 SEP 2025

# প্রতিদ্বন্দ্বীদের চেয়ে বেশি শুল্ক মালয়েশিয়ায় রপ্তানিতে বাধা

বিশেষ প্রতিনিধি, কুয়ালালামপুর থেকে

ভারত ও পাকিস্তানের সঙ্গে মালয়েশিয়ার মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) রয়েছে। এফটিএ সুবিধার আওতায় মালয়েশিয়ার বাজারে পণ্য রপ্তানিতে শূন্য বা কম শুল্ক সুবিধা পাচ্ছে প্রতিদ্বন্দ্বী দুই দেশ, যেখানে একই বাংলাদেশি পণ্যের ওপর ৩০ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপ হচ্ছে। এর ফলে মালয়েশিয়াতে পণ্য রপ্তানিতে প্রতিদ্বন্দ্বীদের চেয়ে পিছিয়ে পড়ছে বাংলাদেশ।

বাংলাদেশের রপ্তানিকারক, ব্যবসায়ী ও কূটনীতিকদের অনেকেই মনে করেন, যথাযথভাবে নেগোসিয়েশনের মাধ্যমে এফটিএ করতে পারলে মালয়েশিয়ায় বাজারে বাংলাদেশি পণ্যের রপ্তানি বৃদ্ধির পাশাপাশি সে দেশের বিনিয়োগ আকর্ষণ তুলনামূলক সহজ হবে। ২০২৪ সালে বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যে প্রায় ৩০০ কোটি ডলার বাণিজ্য হয়েছে। এর মধ্যে বাংলাদেশের রপ্তানি প্রায় ৪০ কোটি ডলার।

মালয়েশিয়ায় নিযুক্ত বাংলাদেশের ডেপুটি হাইকমিশনার মোসাম্মাৎ শাহানারা মনিকা শুক্রবার কুয়ালালামপুরে মিহাস ফেয়ারে (বিশ্বে হালাল পণ্যের বৃহত্তম প্রদর্শনী) বাংলাদেশের প্যাভিলিয়নে সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেন, এফটিএ নিয়ে আলোচনায় অগ্রগতি হয়েছে। টার্মস অব রেফারেন্সের খসড়া চূড়ান্ত হওয়ার পর আনুষ্ঠানিক নেগোসিয়েশন শুরু হবে।

তিনি আরও বলেন, হালাল পণ্য খাত বিশ্বে এখন আড়াই ট্রিলিয়ন ডলারের বাজার। এই 'লাইফস্টাইল ইকোনমি'-তে প্রবেশ করতে হলে বাংলাদেশকে আন্তর্জাতিক মানের হালাল সনদ ও মান নিশ্চিত করতে হবে।

**এফটিএ হলে বাংলাদেশের লাভ হতে পারে**

রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) মহাপরিচালক বেবি রানী কর্মকার বলেন, 'ইপিবি ও মালয়েশিয়ার আন্তর্জাতিক বাণিজ্য উন্নয়ন করপোরেশন-ম্যাট্রেড সম্প্রতি একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে; যার মাধ্যমে তথ্য আদান-প্রদান, মেলা, বাণিজ্য মিশনসহ বিভিন্ন উদ্যোগে যৌথভাবে কাজ করা হবে।'

প্রাণ-আরএফএল গ্রুপের চেয়ারম্যান আহসান খান চৌধুরী সমকালকে বলেন, এফটিএ হলে মালয়েশিয়ায় বাংলাদেশের রপ্তানি অনেক বাড়তে পারে। বিশেষ করে হালাল পণ্য রপ্তানিতে বড় সম্ভাবনা রয়েছে।

বাংলাদেশ-মালয়েশিয়া চেম্বার অব কমার্সের পরিচালক মাহবুব আলম শাহ বলেন, 'ভারত-পাকিস্তানের সঙ্গে বাণিজ্য চুক্তি থাকায় তারা মালয়েশিয়ায় বাজার দখল করছে। বাংলাদেশি পণ্যে ৩০ শতাংশ শুল্ক দিয়ে টিকে থাকা কঠিন।' প্রাণের পণ্য সরবরাহকারী প্রতিষ্ঠান পিনাকল ফুডসের ব্যবস্থাপনা পরিচালক সেলিম ভূঁইয়া বলেন, 'মসলা বাদে প্রায় সব খাদ্যপণ্যের ওপর ৩০ শতাংশ পর্যন্ত শুল্ক দিতে হয়, যা প্রতিযোগিতায় পিছিয়ে দিচ্ছে।'

প্রাণ-আরএফএলের জনসংযোগ বিভাগের উপমহাব্যবস্থাপক তৌহিদুজ্জামান জানান, এবারের মেলায় প্রতিষ্ঠানটি ১৫ লাখ ডলারের রপ্তানি আদেশ পেয়েছে, যা আগের বছরের চেয়ে বেশি। তিনি জানান, মেলায় ১০ হাজার মানুষকে প্রাণ তাদের নতুন পণ্য স্যাম্পলিংয়ের মাধ্যমে স্বাদ গ্রহণ করিয়েছে।

বিশ্বের বৃহত্তম হালাল শোকেস হিসেবে পরিচিত মালয়েশিয়া আন্তর্জাতিক হালাল শোকেসের (MIHAS) ২১তম আসরে অংশগ্রহণ করে বাংলাদেশ। রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি), বাংলাদেশের উদ্যোগ ও ব্যবস্থাপনায় এবং বাংলাদেশ হাইকমিশন, কুয়ালালামপুরের সমন্বয়ে মালয়েশিয়া ইন্টারন্যাশনাল ট্রেড অ্যান্ড এক্সিবিশন সেন্টারে (এমআইটিইসি) ১৭ থেকে ২০ সেপ্টেম্বর পর্যন্ত চার দিনব্যাপী আয়োজিত এই মেলায় বাংলাদেশের আটটি শিল্পপ্রতিষ্ঠান ও বাংলাদেশ-মালয়েশিয়া চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ অংশগ্রহণ করে। এ ছাড়া রপ্তানি উন্নয়ন ব্যুরো ও বাংলাদেশ হাইকমিশনের বুথে বিভিন্ন রপ্তানিযোগ্য পণ্য; যেমন– তৈরি পোশাক, সিরামিকসামগ্রী, ওষুধসামগ্রী, চামড়া ও চামড়াজাত পণ্য, প্লাস্টিকসামগ্রী প্রদর্শন করা হয় এবং এ সংক্রান্ত তথ্যচিত্র প্রদর্শনসহ বিভিন্ন তথ্য পরিদর্শনকারীদের কাছে দেওয়া হয়।

খাদ্য ও পানীয়, চামড়া ও চামড়াজাত পণ্য, ওষুধ, গৃহস্থালি ও ব্যক্তিগত যত্ন, প্রসাধনসামগ্রী এবং তৈরি পোশাক ক্যাটেগরিতে বাংলাদেশ থেকে গ্লোবাল ক্যাপসুলস লিমিটেড, গোল্ডেন প্লাস ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেড, এপেক্স কনভিনিয়েন্স ফুডস লিমিটেড, কে.এম.আর ক্রাফট, রিমার্ক এইচবি লিমিটেড, নিজজিল্যান্ড ডেইরি প্রডাক্টস বাংলাদেশ লিমিটেড, এমএনএল ডিজাইনার জোন, গর্জিয়াস উইথ ট্রেন্ড, নওরিস ফুডস লিমিটেড এ মেলায় অংশগ্রহণ করে। মালয়েশিয়ায় বাংলাদেশ হাইকমিশন অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলোকে নেটওয়ার্কিং, বিজনেস ম্যাচমেকিংসহ সার্বিক সহযোগিতা দিয়েছে।

রপ্তানি উন্নয়ন ব্যুরো ★ বাণিজ্য তথ্য কেন্দ্র ★ ঢাকা।